৫০১১৯


# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)


সূত্র নং- ডিসিএম জালনোটঃ ১ (পলিসি)/২০১৯-৪৩৬৮ তারিখ : ২১/১০/২০১৯

ব্যবস্থাপনা পরিচালক
সকল তফসিলী ব্যাংক

<u>জালনোট প্রাপ্তির ঘটনায় ব্যাংকের করণীয় প্রসঙ্গে।</u>

প্রিয় মহোদয়,

সাম্প্রতিক সময়ে প্রাপ্ত তথ্যাদি এবং বিভিন্ন ব্যাংকের শাখা পরিদর্শনে দেখা যায় যে, ব্যাংক-শাখাসমূহে জাল নোট উপস্থাপন করা হলে তা Treasury Rules এর নির্দেশনা অনুযায়ী নিষ্পত্তি করা হচ্ছে না যা অত্র বিভাগ কর্তৃক জারিকৃত ০৪/০৭/২০০৭ তারিখের পরিপত্র নং- জালনোট ঃ ১(পলিসি)/২০০৭-১৯১ এ বর্ণিত নির্দেশনার পরিপন্থি (কপি সংযুক্ত)। এছাড়া অধিকাংশ ব্যাংক শাখার নথিতে উল্লেখিত সার্কুলারের কপি পাওয়া যায় না এবং ক্যাশ অফিসারগণও জাল নোট নিষ্পত্তির নিয়ম-কানুন সম্পর্কে সম্যক অবহিত নয় মর্মে পরিলক্ষিত হয়।

এমতাবস্থায়, ব্যাংক-শাখাসমূহে জাল নোট পাওয়া গেলে তা সার্কুলারের নির্দেশনা মোতাবেক নিষ্পত্তির নিমিত্ত শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে। ভবিষ্যতে ব্যাংক-শাখার নথিতে জাল নোট সম্পর্কিত সার্কুলার পাওয়া না গেলে এবং সার্কুলারে বর্ণিত নির্দেশনা মোতাবেক জাল নোট নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ না করলে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শহিদুল আলম)
যুগ্ম পরিচালক
ফোন- ২০৮৮১।

নং ... তারিখ ...
ডিএমডি- DMD-1
ব্যবস্থাপনা পরিচালক

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-১
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং ... তারিখ ...
বিভাগ ...
ডিএমডি-১

